

## الْوَكِيل

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৫৩ তম নাম ‘الْوَكِيل’ আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় ‘الْوَكِيل’ শব্দের মূল و - ك - ل, এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ৭০ বার এসেছে। গচ্ছিত রাখা, কাজের ভার দেয়া, ব্যবস্থাপক, অভিভাবক ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْوَكِيل অর্থ: ‘তিনিই একমাত্র কাযনির্বাহক’।

**মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:**

الَّذِينَ قَالَ لَهُمُ النَّاسُ إِنَّ النَّاسَ قَدْ جَمَعُوا لَكُمْ فَاخْشَوْهُمْ فَزَادَهُمْ إِيمَانًا وَقَالُوا حَسْبُنَا اللَّهُ وَنِعْمَ الْوَكِيلُ ﴿١٧٣﴾

লোকেরা তাদের বলেছিল: তোমাদের বিরুদ্ধে বিরাট বাহিনী সমবেত হয়েছে, তাদের ভয় করো। একথা শুনে তাদের ঈমান বেড়ে গিয়েছিল এবং তারা বলেছিল: আমাদের জন্য আল্লাহই যথেষ্ট, তিনি সর্বোত্তম কর্মসম্পাদনকারী। (সূরা আলে ইমরান: আয়াত নং ১৭৩)

اللَّهُ خَالِقُ كُلِّ شَيْءٍ وَهُوَ عَلَىٰ كُلِّ شَيْءٍ وَكِيلٌ ﴿٦٢﴾

প্রতিটি বস্তুর স্রষ্টা আল্লাহ। তিনিই প্রতিটি বস্তুর কর্মসম্পাদক? (সূরা আয্ যুমার: আয়াত নং ৬২)

رَبُّ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ لَا إِلَهَ إِلَّا هُوَ فَاتَّخِذْهُ وَكِيلًا ﴿٩﴾

তিনিই প্রভু মাশরিক ও মাগরিবের। কোন ইলাহ নেই তিনি ছাড়া। সুতরাং তাকেই ধরো কাযনির্বাহক-উকিল। (সূরা মুয্ যাম্মিল: আয়াত নং ৯)

**মুসলিম শরীফের হাদিস:**

আল্লাহর বান্দাহ যতক্ষণ তার ভাইকে সাহায্য-সহযোগিতা করবে, আল্লাহ ততক্ষণ পর্যন্ত ঐ বান্দাহকে সাহায্য করবেন

## মুসলিম ও আবু দাউদের হাদিস:

রাসূল সাঃ এর দোয়া-

حَسْبِيَ اللَّهُ لَا إِلَهَ إِلَّا هُوَ عَلَيْهِ تَوَكَّلْتُ وَهُوَ رَبُّ الْعَرْشِ الْعَظِيمِ -

আল্লাহ আমার জন্য যথেষ্ট, তিনি ছাড়া কোন ইলাহ নেই, তাঁর উপরই ভরসা করছি, তিনি সম্মানিত আরশের অধিপতি।

রাসূল সাঃ আরো বলেছেনঃ যে ব্যক্তি এই দোয়াটি ফজরের পর সাতবার ও আসরের পর সাতবার পাঠ করবে, আল্লাহ দুনিয়া ও আখেরাতে ঐ বান্দার চিন্তাগুলো মোচনের ব্যবস্থা গ্রহণ করবেন।

প্রিয় ভাই ও বোনেরা, যিনি একমাত্র কর্ম সম্পাদনকারী আল্লাহ তাঁকেই আমরা উকিল ধরি। তাঁর ও রাসূলের নির্দেশিত পথে আমাদের দুনিয়ার জীবন পরিচালিত করি।

আল্লাহর সাথে কাউকে শরীক না করি। কারণ, আল্লাহ শিরকের গুনাহ ক্ষমা করবেন না। আল্লাহ আমাদের সাহায্য করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমা তুল্লাহি ওয়াবাকাতুহু।